# খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

রেজিস্ট্রারের কার্যালয়

স্মারক নং-খুবি/একা-১৫৭/২০১১-                                        তারিখঃ ১৮/০৯/২০১১

## প্রথম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের ২০১১-২০১২ শিক্ষাবর্ষে ৫টি স্কুলের অধীন ২১টি ডিসিপ্লিনে এবং চারুকলা ইনস্টিটিউটে প্রথম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণীতে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবেঃ

| স্কুল/ইনস্টিটিউটের নাম | তারিখ | সময় |
|---|---|---|
| বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল | ৩০/১০/২০১১ | সকাল ১০:০০ - বিকাল ২:০০ |
| চারুকলা ইনস্টিটিউট | ৩০/১০/২০১১ | বিকাল ৩:০০ - ৪:৩০ |
| জীব বিজ্ঞান স্কুল | ৩১/১০/২০১১ | সকাল ১০:০০ - ১১:০০ |
| ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল | ৩১/১০/২০১১ | বিকাল ২:৩০ - ৩:৩০ |
| সমাজ বিজ্ঞান স্কুল | ০১/১১/২০১১ | সকাল ১০:০০ -১১:০০ |
| কলা ও মানবিক স্কুল | ০১/১১/২০১১ | বিকাল ২:৩০ -৪:০০ |

আবেদনের তারিখঃ ২০/০৯/২০১১ থেকে ২০/১০/২০১১ তারিখ পর্যন্ত। ভর্তি সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <www.ku.ac.bd/admission/> -এ পাওয়া যাবে। এ ছাড়াও ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য সংশ্লিষ্ট স্কুলের ডীন/ইনস্টিটিউটের পরিচালকের অফিস থেকে জানা যাবে।

**প্রফেসর ড. মোঃ আব্দুল মান্নান**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ফোনঃ ০৪১-৭২১৭৯১, ৭২০১৭১-৩, ২৮৩২৫৮০-৩

জিডি-৩৯১৮

---

# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

# Sylhet Agricultural University, Sylhet

ফোন (পিএবিএক্স): ০৮২১-৭৬০৯৩০
ফ্যাক্স: +৮৮-০৮২১-৭৬১৯৮০
ই-মেইল: vcsausyl@yahoo.com

স্মারক নং-রেজিঃ/সংস্থাপন/নি-২১/১০/                                        তারিখঃ ১৯/০৯/২০১১

## নিয়োগ বিজ্ঞপ্তি

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নিম্নলিখিত পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে শূন্য পদ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | বিভাগের নাম | বিষয়ের নাম | পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | বেসিক সায়েন্স এন্ড ল্যাঙ্গুয়েজ | ইংরেজি-০১টি<br>কম্পিউটার সায়েন্স-০১টি<br>ইরিগেশন এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট-০১টি | ০৩ |
| ০২। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | বায়োকেমিস্ট্রি এন্ড কেমিস্ট্রি | বায়োকেমিস্ট্রি | ০২ |
| ০৩। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | ফিশ হেল্থ ম্যানেজমেন্ট | ফিশ হেল্থ ম্যানেজমেন্ট | ০১ |
| ০৪। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | একোয়াকালচার | একোয়াকালচার | ০১ |
| ০৫। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | ফিশারিজ টেকনোলজি এন্ড কোয়ালিটি কন্ট্রোল | ফিশারিজ টেকনোলজি এন্ড কোয়ালিটি কন্ট্রোল | ০১ |
| ০৬। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | এগ্রিকালচারাল ইকোনমিক্স এন্ড পলিসি | এগ্রিকালচারাল ইকোনমিক্স এন্ড পলিসি | ০২ |
| ০৭। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | এগ্রিকালচার ফাইন্যান্স এন্ড ব্যাংকিং | এগ্রিকালচার ফাইন্যান্স এন্ড ব্যাংকিং | ০১ |
| ০৮। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | কৃষি পরিসংখ্যান | কৃষি পরিসংখ্যান | ০১ |
| ০৯। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | এগ্রিকালচার এক্সটেনশন এডুকেশন | এগ্রিকালচার এক্সটেনশন এডুকেশন | ০১ |
| ১০। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | বায়োটেকনোলজি | ০১ |
| ১১। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | এগ্রোফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স | এনভায়রনমেন্টাল সায়েন্স | ০১ |
| ১২। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | এনাটমি এন্ড হিস্টোলজি | এনাটমি | ০১ |
| ১৩। | প্রভাষক ১১,০০০-২০,৩৭০/- | জেনেটিক্স এন্ড এনিম্যাল ব্রিডিং | জেনেটিক্স এন্ড এনিম্যাল ব্রিডিং | ০১ |
| ১৪। | সহকারী অধ্যাপক ১৮,৫০০-২৯,৭০০/- | এন্টোমলজি | এন্টোমলজি | ০১ |
| ১৫। | ডেপুটি রেজিস্ট্রার ২২,২৫০-৩১,২৫০/- | রেজিস্ট্রার কার্যালয় | | ০২ |
| ১৬। | ডেপুটি কন্ট্রোলার ২২,২৫০-৩১,২৫০/- | পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয় | | ০১ |
| ১৭। | ডেপুটি ডিরেক্টর (ডিরেক্টর পদের বিপরীতে) ২২,২৫০-৩১,২৫০/- | জনসংযোগ ও প্রকাশনা দপ্তর | | ০১ |

**প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহঃ**

১। আগ্রহী প্রার্থীদের নির্ধারিত নমুনা ফরমে দরখাস্ত দাখিল করতে হবে। নমুনা ফরম এবং নিয়োগ সংক্রান্ত নীতিমালার কপি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা http://www.sylhetagrivarsity.edu.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

২। ক্রমিক নং-০১ থেকে ১৪ পর্যন্ত প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ০৬ (ছয়) প্রস্থ পৃথক দরখাস্ত এবং ক্রমিক নং-১৫ থেকে ১৭ পর্যন্ত প্রার্থীকে ০৭ (সাত) প্রস্থ দরখাস্ত রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট প্রেরণ/দাখিল করতে হবে।

৩। প্রার্থীকে আবেদনপত্রের সাথে ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্র, খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি প্রতি সেটের সাথে সংযুক্ত করতে হবে।

৪। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। অভিজ্ঞতা বলতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বুঝাবে।

৬। প্রার্থীত পদের নাম খামের উপর উল্লেখ করতে হবে।

৭। ৩০/০৬/২০১১ তারিখে ১নং থেকে ১৩নং পদের প্রার্থীদের বয়সসীমা সর্বোচ্চ ৩০ বছর এবং ১৪ থেকে ১নং প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছর। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা কিংবা অভিজ্ঞতা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে বয়স এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮। ১৫ থেকে ১৭নং প্রার্থীদের নির্ধারিত পদের জন্য অভিজ্ঞতা নিম্নরূপ:
"সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিস্ট্রার/সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক/সহকারী পরিচালক অথবা সমমানের পদে ৫(পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সর্বমোট ১০(দশ) বছর চাকুরীর অভিজ্ঞতাসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রির অধিকারী হতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক পদ্ধতি/পরীক্ষা পদ্ধতি/জনসংযোগ ও প্রকাশনা কাজ এবং ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক জ্ঞানসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
অথবা,
সকল পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে অন্যূন ২(দুই) বছরের সমপদে সংশ্লিষ্ট বিষয়ে চাকুরীর অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/স্বীকৃত প্রতিষ্ঠানে প্রশাসনিক/সংশ্লিষ্ট পদে একাধারে ৮(আট) বছরের চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে।"

৯। মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধার পোষ্য ও উপজাতি প্রার্থী প্রার্থীতার স্বপক্ষে প্রমাণপত্র উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। প্রকৃত মুক্তিযোদ্ধা পাওয়া না গেলে তাদের পুত্র ও কন্যাদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসরণে পদ সংরক্ষণ করা হবে এবং প্রতিবন্ধী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

১০। রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে ক্রমিক নং ০১ হতে ১৭নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার রূপালী ব্যাংক, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০ দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

১১। ০১ হতে ১৭নং পর্যন্ত ক্রমিকের পদসমূহের আবেদনের নিমিত্তে নির্ধারিত ফরম সরাসরি সংগ্রহের জন্য ১০০/- (একশত) টাকা (রূপালী ব্যাংক, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০) এর সঞ্চয়ী হিসাব নম্বর ২০৪ এ জমা প্রদানের রশিদ রেজিস্ট্রার অফিসে দাখিল করতে হবে। ডাকযোগে আবেদনপত্র সংগ্রহ করতে হলে রূপালী ব্যাংকের যে কোন শাখা হতে রূপালী ব্যাংক, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা, সিলেট-৩১০০ এর সঞ্চয়ী হিসাব নম্বর ২০৪ এর অনুকূলে সকল পদসমূহের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ ১৫/- (পনের) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেট ও নিজস্ব ঠিকানা সম্বলিত ফেরত খাম পাঠাতে হবে এবং ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ফরমের ক্ষেত্রে আলাদাভাবে ১০০/- (একশত) টাকা অতিরিক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পাঠাতে হবে।

১২। আবেদনপত্র আগামী ১৩/১০/২০১১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।

১৩। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারেন।

১৪। ভুয়া তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫। দরখাস্ত গ্রহণ/বাতিলকরণ এবং নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। নিয়োগের ক্ষেত্রে সকল যোগ্যতা পূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।

১৭। দরখাস্ত দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস সংযোজন করা যাবে না।

১৮। সরকারি বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষণ করা হবে।

১৯। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২০। শুধুমাত্র শিক্ষক পদের ক্ষেত্রে এম.এস ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

২১। শিক্ষা ক্ষেত্রের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।

**মোঃ ফয়জুল হক**
রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

জিডি-৩৯২০

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

স্মারক নং-আইসিটি/৬৭-২০১১/৬৫০        তারিখঃ ২০ সেপ্টেম্বর ২০১১

## দরপত্র বিজ্ঞপ্তি

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ২ | সংস্থা | বাংলাদেশ পুলিশ। |
| ৩ | সংগ্রহকারী সত্তার নাম | পুলিশ হেডকোয়ার্টার্স। |
| ৪ | সংগ্রহকারী সত্তার ঠিকানা | এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। |
| ৫ | দরপত্র আহবানের সূত্র | আইসিটি শাখার স্মারক নং-আইসিটি/৬৭-২০১১/৬৫০ |
| ৬ | দরপত্র আহবানের তারিখ | ২০ সেপ্টেম্বর/২০১১ |
| ৭ | দরপত্র আইটেম/প্যাকেজের নাম | Lot-1: Network & Server Maintenance.<br>Lot-2: Supply of related equipments for maintaining the Network & Servers (Framework). |
| ৮ | বাজেট | জিওবি। |
| ৯ | দরপত্র পদ্ধতি | উন্মুক্ত দরপত্র (স্থানীয়)। |
| ১০ | দরপত্র বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা | আইসিটি শাখা, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। |
| ১১ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | ১১ অক্টোবর ২০১১। |
| ১২ | দরপত্র গ্রহণের তারিখ ও শেষ সময় | ১২ অক্টোবর ২০১১, সময়ঃ ১২.০০ ঘটিকা। |
| ১৩ | দরপত্র গ্রহণকারী অফিসের নাম ও ঠিকানা | সিনিঃ এএসপি (আইসিটি), নিচতলা, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। |
| ১৪ | দরপত্র খোলার অফিসের নাম | সিনিঃ এএসপি (ইএন্ডটি), নিচতলা, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। |
| ১৫ | দরপত্র খোলার তারিখ ও সময় | ১২ অক্টোবর ২০১১, সময়ঃ ১২.৩০ ঘটিকা। |
| ১৬ | দরপত্র সিডিউলের মূল্য | ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য। |
| ১৭ | দরপত্রদাতাদের যোগ্যতা | নিম্নবর্ণিত হালনাগাদ কাগজপত্র দাখিল করিতে হইবে-<br>ক) ট্রেড লাইসেন্স, খ) আয়কর সনদপত্র (টিন নম্বরসহ), গ) ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, ঘ) ব্যাংক সলভেন্সি, ঙ) সাপ্লাই স্টেটমেন্ট। |
| ১৮ | মালামার সংগ্রহ অথবা কাজের বিস্তারিত বিবরণ | সংযুক্ত স্পেসিফিকেশন/সিডিউল মোতাবেক। |
| ১৯ | দরপত্র আহবানকারী কর্তৃপক্ষ | এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। |
| ২০ | **বিশেষ দ্রষ্টব্যঃ**<br>(ক) ব্যক্তি বা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী স্বাক্ষরযুক্ত প্যাডে এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা-এর বরাবরে আবেদনপূর্বক অফিস চলাকালীন সময় পর্যন্ত দরপত্র সিডিউল সংগ্রহ করা যাবে।<br>(খ) দরপত্রের সহিত জামানতের টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এর বরাবরে প্রেরণ করতে হবে।<br>(গ) দরপত্র আহবানকারী কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতীত দরপত্র বাতিলের ক্ষমতা রাখে। | |

**মোঃ রফিকুল হাসান গনি**
বিপি-৬৮৯৯০৮০৪৮৯
এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ই-মেইল-aigict@police.gov.bd
ফোন-৯৫৬৩৫১৫

জিডি-৩৯৩২

---

# Government of the People's Republic of Bangladesh

Office of the Superintending Engineer, RHD
HDM Circle
Sarak Bhaban, Ramna, Dhaka

EoI Ref. No: 3-4/226                                        Date: 21/9/2011

## Request for Expression of Interest (EOI) for Selection of Consulting Firm

The Government of the People's Republic of Bangladesh (GOB) will provide fund for carrying out Pavement Inventory & Classified Traffic Count Survey of RHD Road Network (West Zone of Bangladesh) by engaging consulting firm during the year 2011-2012.

The Roads and Highway Department (RHD) under the Ministry of Communications (hereinafter referred to as the 'Client') now invites Expression of Interest (EoI) from reputed consulting firm or firms in joint venture/association for short-listing of the consulting services for carrying out Pavement Inventory & Classified Traffic Count Survey of RHD Road Network (West Zone of Bangladesh during the year 2011-2012.

**The services include:**

The work includes the services: (a) Pavement Inventory Survey 10,776km (b) Classified Traffic Count Survey in 532 stations.

**The experience, resources and delivery capacity required are:**

1) Brochures & registration of the firm(s).
2) General and overall experience of the firm(s) (limited to three pages).
3) Experience of the firm(s) in similar project works during the last 10 years (limited to three pages).
4) Average annual turnover of the firm(s) during the last 3 (three) years.
5) Summary of permanent professional employees with key qualifications.

The Superintending Engineer, HDM Circle now invites eligible applicants to indicate their interest in providing the services. Interested consulting firms are invited to provide information indicating that they are qualified to perform the services. The information should be provided on: brochures & registration of the firm, description of similar assignments, experience in similar operating conditions, availability of appropriate professional qualification & equipments and experience among staff, etc.

Interested bonafide consulting firm/joint venture firms are invited to submit EOI proposal enclosing only the required information. In case of joint venture it is preferable to limit the total number of firm including associates to a maximum of 3 (three).

A consulting firm will be selected using the Quality and Cost Based Selection (QCBS) procurement method in accordance with the Public Procurement Rules-2008 (PPR-2008) and procurement procedures issued by the GoB.

Interested applications may obtain further information by applying to the address below during normal office hours.

Expression of Interest shall be submitted by 12.00 noon on 11/10/2011 in sealed envelop delivered to Superintending Engineer, RHD, HDM Circle, Room No-407 and be clearly marked **"Request for Expressions of Interest for selection of consulting firm (West Region)."**

The procuring entity reserves the right to accept or reject all EOIs.

**Iftekhar Kabir**
Superintending Engineer, RHD (CC)
HDM Circle
Sarak Bhaban, Ramna, Dhaka

GD-3944

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫।

### গণ-বিজ্ঞপ্তি

নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস(সিএনজি-ডটার)-০২/২০১০-১১/১৯৬১                    তারিখ ঃ ১৯ সেপ্টেম্বর, ২০১১

**বিষয় ঃ 'হাজী সরওয়ার সিএনজি ফিলিং স্টেশন, কক্সবাজার মোবাইল সিএনজি লিমিটেড' নামে স্থাপিতব্য ডটার সিএনজি স্টেশন এর ভোক্তাপর্যায়ে সিএনজি'র বিক্রয় মূল্যহার নির্ধারণের জন্য কমিশনে দাখিলকৃত আবেদনের উপর গণ-শুনানী।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী 'হাজী সরওয়ার সিএনজি ফিলিং স্টেশন, কক্সবাজার মোবাইল সিএনজি লিমিটেড' নামে স্থাপিতব্য ডটার সিএনজি স্টেশন এর ভোক্তাপর্যায়ে সিএনজি'র বিক্রয় মূল্যহার নির্ধারণের জন্য প্রতিষ্ঠানটি বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে আবেদন পেশ করেছে। স্বার্থ-সংশ্লিষ্ট সকল পক্ষকে (stakeholders) নিয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ১২ সেপ্টেম্বর, ২০১১ তারিখে উক্ত আবেদনের উপর এক উন্মুক্ত সভা করেছে। স্থাপিতব্য ডটার সিএনজি স্টেশনটির ভোক্তাপর্যায়ে সিএনজি'র বিক্রয় মূল্যহার নির্ধারণের আবেদন কমিশনের মূল্যায়নের জন্য গৃহীত হয়েছে।

স্থাপিতব্য ডটার সিএনজি স্টেশনটির ভোক্তাপর্যায়ে সিএনজি'র বিক্রয় মূল্যহার নির্ধারণের আবেদনের উপর আগামী ০৪ অক্টোবর, ২০১১ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় কমিশন কার্যালয়ে গণ-শুনানী অনুষ্ঠিত হবে। আগ্রহী যে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ২৮ সেপ্টেম্বর, ২০১১ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্ত করে উক্ত গণ-শুনানীতে অংশ নিয়ে পক্ষে বা বিপক্ষে বিশ্লেষণনির্ভর যুক্তি/মতামত উপস্থাপন করতে পারবেন।

আলোচ্য ডটার সিএনজি স্টেশন এর ভোক্তাপর্যায়ে সিএনজি'র বিক্রয় মূল্যহার নির্ধারণের আবেদনের অনুলিপি অফিস চলাকালীন সময়ে কমিশন কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে এবং কমিশনের ওয়েব সাইট www.berc.org.bd থেকে ডাউনলোড করা যাবে। আগামী ২৬ সেপ্টেম্বর, ২০১১ তারিখ পর্যন্ত এ বিষয়ে শুনানী-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশন কার্যালয়ে গ্রহণ করা হবে।

কমিশনের নির্দেশক্রমে,
১৯.৯.২০১১
মোহাম্মদ আবু ফারুক
পরিচালক (অর্থ ও হিসাব)
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন ঃ ৯১১ ১৭৯৫।

GD-3913

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা

স্মারক নং-৩২.০২.০০০০.২০৫.১১.০০৪.১১                                        তারিখ: ১৮/০৯/১১ইং

## দৈনিক ভিত্তিতে চালকসহ মাইক্রোবাস ভাড়ার দরপত্র আহ্বান

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/বিভাগের নাম | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ২। | বাস্তবায়নকারী সংস্থার নাম | : | জাতীয় মহিলা সংস্থা। |
| ৩। | ক্রয়কারীর নাম | : | প্রকল্প পরিচালক, "তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প"। |
| ৪। | ক্রয়/সংগ্রহের স্বত্বাধিকারীর জেলা | : | ঢাকা। |
| ৫। | দরপত্র আহ্বানের উদ্দেশ্যে | : | দাপ্তরিক ব্যবহারের জন্য দৈনিক ভিত্তিতে চালকসহ একটি মাইক্রোবাস ভাড়া। |
| ৬। | টেন্ডার প্যাকেজ নম্বর | : | ০১টি। |
| ৭। | ক্রয়/সংগ্রহ পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি। |
| ৮। | বাজেট এবং তহবিলের উৎস | : | সরকারি রাজস্ব (জিওবি)। |
| ৯। | দরপত্র প্যাকেজ এর নাম ও নম্বর | : | দৈনিক ভিত্তিতে মাইক্রোবাস ভাড়া। |
| ১০। | দরপত্র দলিলের মূল্য | : | মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা সরকারি কোষাগারে ১-৩০০১-০০০১-২৩৬৬ কোড নম্বরে চালানের মাধ্যমে জমাদানপূর্বক সংশ্লিষ্ট বিক্রয়কারীর নিকট থেকে অফিস চলাকালীন দরপত্র দলিল সংগ্রহ করা যাবে। |
| ১১। | দরপত্র দলিল বিক্রির সর্বশেষ সময় | : | ০৪/১০/২০১১ বিকাল ৪.০০টা। |
| ১২। | দরপত্র দাখিলের তারিখ ও সময়সীমা | : | ০৫/১০/২০১১ বিকাল ৩.০০টা। |
| ১৩। | দরপত্র খোলার তারিখ ও সময় | : | ০৫/১০/২০১১ বিকাল ৪.০০টা। |
| ১৪। | দরপত্র দলিল বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা | : | তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা। |
| ১৫। | দরপত্র দাখিলের জন্য অফিসের নাম ও ঠিকানা | : | তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা। |
| ১৬। | দরপত্র খোলার জন্য অফিসের নাম ও ঠিকানা | : | জাতীয় মহিলা সংস্থার ৭ম তলার রুম নং-৭১২, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা। |
| ১৭। | দরদাতার যোগ্যতা | : | প্রকৃত মাইক্রোবাস সরবরাহকারী প্রতিষ্ঠান। যোগ্যতার বিস্তারিত বিবরণ দরপত্র দলিলে উল্লেখ আছে। |
| ১৮। | মাইক্রোবাসের বিবরণ (যোগ্যতা) | : | দৈনিক ভাড়ার ভিত্তিতে চালকসহ সিএনজি চালিত মাইক্রোবাস সরবরাহ। মাইক্রোবাসটি কমপক্ষে ৭/৮টি যাত্রী আসনের হবে। ২০০৫ এর পূর্বের কোন মডেল গ্রহণযোগ্য হবে না। গাড়িটি টিপটপ কন্ডিশনারে হতে হবে। |
| ১৯। | সংশ্লিষ্ট সেবার সংক্ষিপ্ত বিবরণ | : | প্রতি কার্যদিবসে সকাল ৮.০০টা থেকে রাত ১০.০০টা পর্যন্ত স্বাভাবিকভাবে গাড়ি ব্যবহৃত হবে। এছাড়া জরুরি দাপ্তরিক প্রয়োজনে যে কোন দিন যে কোন সময়ে গাড়ি ব্যবহৃত হতে পারে। প্রতিদিন গড়ে ১০০ কিলোমিটার পর্যন্ত গাড়ি চলতে পারে (বিস্তারিত বিবরণ দরপত্র দলিলে পাওয়া যাবে)। |

২০। দরপত্র সিডিউল সংক্রান্ত তথ্যাদি:

| প্যাকেজ নম্বর | প্যাকেজের বিবরণ | কাজের অবস্থান | দরপত্র জামানতের পরিমাণ | কার্য সম্পাদন সময় (সপ্তাহ/মাস) |
|---|---|---|---|---|
| ০১ | দৈনিক ভাড়ার ভিত্তিতে মাইক্রোবাস সরবরাহ | "তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প", জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা। | ১৫,০০০/- (পনের হাজার) টাকা (প্রকল্প পরিচালক, "তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন" প্রকল্প, এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে)। | ১২ মাস |

২১। বিশেষ শর্তাবলী :
ক) কৃতকার্য দরদাতার আর্নেষ্টমানি পরবর্তীতে জামানত হিসাবে জমা থাকবে এবং চুক্তির শর্তাবলী সন্তোষজনকভাবে পালিত হইলে মেয়াদান্তে ফেরত দেয়া হবে।
খ) আর্নেষ্টমানি এবং জামানতের টাকার উপর কোন প্রকার সুদ দেওয়া হবে না।
গ) চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে মাইক্রোবাস সরেজমিনে পরিদর্শনের জন্য অত্র কার্যালয়ের সম্মুখে হাজির করতে হবে।
ঘ) দরপত্রে যে বাসটির নম্বর বর্ণিত থাকিবে কেবল সেই মাইক্রোবাসটি দেখাতে হবে। অন্য কোন মাইক্রোবাস দেখালে দরপত্র বাতিল হবে এবং জামানতের টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে।
ঙ) কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে অত্র কার্যালয়ের নির্ধারিত শর্তে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
চ) মাইক্রোবাস অবশ্যই চুক্তি মোতাবেক পরিচালনা করতে হবে। শর্তের যে কোন পরিবর্তন পরিবর্ধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
ছ) কারিগরি কারণে বাস পরিবর্তনশীল তবে তা উন্নতমানের এবং কর্তৃপক্ষের পছন্দনীয় হতে হবে।
জ) কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই যে কোন দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**প্রকল্প পরিচালক**
তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ
প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প

জিডি-৩৯১৪